# কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)
# Coal Power Generation Company Bangladesh Limited (CPGCBL)

(An enterprise of Government of the People's Republic of Bangladesh)

"আলোকিত দেশ, যত্নে পরিবেশ"

স্মারক নং: ২৭.৩২.০০০০.০০৭.১১.০১০.২৪-০৬৬৭ তারিখ: ১৪-১১-২০২৪ খ্রি.

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শতভাগ মালিকানাধীন একটি প্রতিষ্ঠান) এর অধীনে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও মূল বেতন | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|---|
| ০১। | উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম এন্ড এডমিন)<br>গ্রেড-০৪<br>মূল বেতন: ১০৫,০০০/- | ০১ টি | • সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে HR/Management/Relevant Subject এ ০৪ বছরের স্নাতক ডিগ্রি অথবা ০৩(তিন) বছরের সম্মানসহ ০১(এক) বছরের স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকোত্তরসহ পিজিডি-এইচআরএম ডিগ্রি সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন;<br>• সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন) বা সমমান পদে ন্যূনতম ০৪(চার) বছরের কর্ম অভিজ্ঞতা;<br>• বৃহৎ প্রতিষ্ঠানে মানবসম্পদ ব্যবস্থাপনা ও প্রশাসন এ সহকারী ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন/সমমান) বা তদূর্ধ্ব পদে মোট ১২(বারো) বছরের কর্ম অভিজ্ঞতা তন্মধ্যে বিদ্যুৎ উৎপাদন/বিতরণ/সঞ্চালন প্রতিষ্ঠানে ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতা;<br>• TPM, TQM, Corporate Governance, Labor Laws, Strategic Human Resource Management ইত্যাদিতে জ্ঞানসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন;<br>• বয়স: ১৫-১১-২০২৪ খ্রি. এ সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) বছর। |
| ০২। | উপ-মহাব্যবস্থাপক (কমার্শিয়াল)<br>গ্রেড-০৪<br>মূল বেতন: ১০৫,০০০/- | ০১ টি | • সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে Commerce/Finance/Accounting/Marketing এ ০৪ বছরের স্নাতক ডিগ্রি অথবা ০৩(তিন) বছরের সম্মানসহ ০১(এক) বছরের স্নাতকোত্তর ডিগ্রি। সিএমএ বা সিএ ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন;<br>• সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যবস্থাপক (অর্থ/হিসাব/নিরীক্ষা/সমমান) পদে ন্যূনতম ০৪(চার) বছরের কর্ম অভিজ্ঞতা;<br>• সহকারী ব্যবস্থাপক (অর্থ/হিসাব/নিরীক্ষা/সমমান) বা তদূর্ধ্ব পদে ন্যূনতম মোট ১২(বারো) বছরের কর্ম অভিজ্ঞতা তন্মধ্যে বিদ্যুৎ উৎপাদন/সঞ্চালন/বিতরণ ইউটিলিটিতে ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে;<br>• প্রার্থীর TQM, Company Act, Tax/VAT Rules, Strategic Management এবং Corporate Governance এ দক্ষতা থাকতে হবে। কমার্শিয়াল কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।<br>• বয়স: ১৫-১১-২০২৪ খ্রি. এ সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) বছর। |
| ০৩। | ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন)<br>গ্রেড-০৫<br>মূল বেতন: ৯১,০০০/- | ০১ টি | • সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে HR/Management/Relevant Subject এ ০৪ বছরের স্নাতক ডিগ্রি অথবা ০৩(তিন) বছরের সম্মানসহ ০১(এক) বছরের স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকোত্তরসহ পিজিডি-এইচআরএম ডিগ্রি সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবে;<br>• মানবসম্পদ ব্যবস্থাপনা ও প্রশাসন এ ন্যূনতম মোট ০৮(আট) বছরের কর্ম অভিজ্ঞতা তন্মধ্যে বিদ্যুৎ উৎপাদন/সঞ্চালন/বিতরণ ইউটিলিটিতে উপ-ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন/সমমান) পদে ০৪(চার) বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে;<br>• TQM, Corporate Governance, Labor Laws, Strategic Human Resource Management ইত্যাদিতে জ্ঞানসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন;<br>• বয়স: ১৫-১১-২০২৪ খ্রি. এ সর্বোচ্চ ৪০(চল্লিশ) বছর। |

**ভাতা ও অন্যান্য সুবিধা:**

- সিপিজিসিবিএল এর পে-স্কেল-২০১৬ ও সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী বাড়ি ভাড়া, প্রতি বছর ০২টি উৎসব বোনাস, নববর্ষ ভাতা, যৌথ ভবিষ্য তহবিল, গ্রুপ ইন্স্যুরেন্স, অর্জিত ছুটি নগদায়ন, গ্রাচ্যুইটি, প্রকৃত চিকিৎসা খরচ পুনঃভরণ সুবিধা এবং অন্যান্য প্রান্তিক সুবিধা (Fringe Benefit) ও ভাতাদি প্রাপ্য হবেন;
- কর্মকর্তা কর্তৃক আয়কর প্রদান করতে হবে।

**চাকুরির ধরন:**

০১(এক) বছর শিক্ষানবিশকালসহ ০৩(তিন) বছরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগযোগ্য এবং পরবর্তীতে সন্তোষজনক কর্মমূল্যায়ন (Performance Appraisal) এর ভিত্তিতে চাকুরির মেয়াদ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত নবায়নযোগ্য।

**সাধারণ শর্তাবলি:**

- সরকারি-আধাসরকারি, স্বায়ত্তশাসিত অথবা সরকারি মালিকানাধীন কোম্পানি/প্রতিষ্ঠান এ কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
- শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি প্রাপ্তদের আবেদন গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে পাসের ক্ষেত্রে জিপিএ-৫ স্কেলে ন্যূনতম-৩.৫০ এবং সিজিপিএ-৪ স্কেলে ন্যূনতম-২.৭৫ প্রাপ্ত হতে হবে; বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের কপি জমা প্রদান করতে হবে;
- কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে এবং বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
- প্রার্থীর অংশগ্রহণমূলক নেতৃত্বের গুণাবলি থাকতে হবে এবং বাংলা ও ইংরেজিতে যোগাযোগ দক্ষতাসহ কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে;
- প্রার্থীকে চ্যালেঞ্জিং এবং বিরূপ পরিস্থিতিতে কাজ করার সক্ষমতা থাকতে হবে;
- প্রার্থীকে সিপিজিসিবিএল এর যে কোন কর্মস্থলে কাজ করার মানসিকতা থাকবে হবে;
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে সিপিজিসিবিএল কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত বা নিয়োগ প্রক্রিয়া বাতিলের ক্ষমতা রাখে;
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ এর বিধি-৪.১(এফ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- আবেদনপত্র বাছাইয়ের পর শুধু উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের হ্রাস/বৃদ্ধি করার অধিকার সিপিজিসিবিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে সিপিজিসিবিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**সরাসরি আবেদন প্রক্রিয়া (সকল পদের জন্য প্রযোজ্য):**

১) আগ্রহী প্রার্থীগণকে (www.cpgcbl.gov.bd) হতে নির্ধারিত **'আবেদন ফরম'** সংগ্রহপূর্বক আবেদন করতে হবে এবং **আবেদন ফরম ও আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি** নিয়োগ প্রক্রিয়া চলমান অবস্থায় ১৫-১১-২০২৪ হতে ১০-১২-২০২৪ খ্রি. তারিখ (সকাল:-১১.০০ ঘটিকা) পর্যন্ত বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে;

২) আগ্রহী প্রার্থীগণকে সিপিজিসিবিএল এর নির্ধারিত আবেদন ফরম (আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি অনুযায়ী পূরণপূর্বক) নিম্নোক্ত কাগজপত্রসহ দাখিল করতে হবে:

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কসশিট/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি;
খ) সকল চাকুরির অভিজ্ঞতার সনদপত্র/প্রমাণপত্রের ফটোকপি;
গ) যথাযথ কর্তৃপক্ষের সম্মতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
ঘ) জাতীয় পরিচয়পত্র ও নাগরিক সনদপত্রের ফটোকপি;

ঙ) সদ্যতোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;

চ) কোন কাগজপত্র সত্যায়ন করার প্রয়োজন নাই;

ছ) "কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড" এর অনুকূলে **১,০০০/- (এক হাজার)** টাকার MICR ব্যাংক ড্রাফট/পে-অর্ডার;

**জ) ইত:পূর্বে যারা ২নং ক্রমিকে উল্লেখিত উপ-মহাব্যবস্থাপক (কমার্শিয়াল) পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।**

৩) আবেদনপত্র অবশ্যই ১০-১২-২০২৪ খ্রি. তারিখের মধ্যে [অফিস চলাকালীন সময় (০৯.০০ হতে ০৫.০০ ঘটিকা)] **উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম এন্ড এডমিন) (অতিরিক্ত দায়িত্ব), সিপিজিসিবিএল, ঢাকা** এর অনুকূলে প্রেরণ করতে হবে।

৪) আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হলে এবং নির্ধারিত সময়ের পর পাওয়া গেলে উহা সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনোক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না।

৫) আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত ই-মেইল এবং মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়। পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থীর প্রদত্ত ই-মেইল/ডাকযোগে প্রেরণ করা হবে।

14/11/2024

**(নিতীশ চন্দ্র দত্ত)**
উপ-মহাব্যবস্থাপক
এইচআরএম এন্ড এডমিন (অতিরিক্ত দায়িত্ব)
সিপিজিসিবিএল, ঢাকা।